দৈনিক

12 JAN 2017
পৃষ্ঠা ২ কলাম

প্রাথমিক বিদ্যালয়

# ২০১৭ সালে ছুটি ৭৫ দিন

নিজস্ব প্রতিবেদক ●

সরকারি-বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে ২০১৭ সালে ৭৫ দিন ছুটি অনুমোদন করেছে সরকার। সেই সঙ্গে এসব বিদ্যালয়ের বার্ষিক কর্মঘণ্টা এবং পরীক্ষাসূচি অনুমোদন দিয়ে গতকাল আদেশ জারি করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। বিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় জাতীয় দিবসগুলো পালনের নির্দেশনা দিয়ে আদেশে বলা হয়, থানা/উপজেলা শিক্ষা কর্মকর্তারা সংরক্ষিত ছুটি অনুমোদন করতে পারবেন।

প্রাথমিক বিদ্যালয়গুলোতে ক্লাস চলবে সকাল ৯টা থেকে বিকাল সাড়ে ৫টা পর্যন্ত। বৃহস্পতিবার স্কুল খোলা থাকবে এরপর পৃষ্ঠা ১১, কলাম ১

## ২০১৭ সালে ছুটি ৭৫ দিন

(প্রথম পৃষ্ঠার পর) বেলা আড়াইটা পর্যন্ত। রোজার সময় ক্লাস হবে সকাল ৯টা থেকে বিকাল সাড়ে ৩টা পর্যন্ত। যেসব স্কুলে দুটি শিফট চালু আছে, সেসব বিদ্যালয়ে প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে বছরে অন্তত ৬০০ ঘণ্টা ক্লাস চলবে। এক শিফটের স্কুলে হবে ৯২১ ঘণ্টা। তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণিতে দুই শিফটের স্কুলে ৭৯১ ঘণ্টা এবং এক শিফটের স্কুলে ১ হাজার ২৩১ ঘণ্টা ক্লাস চলবে। সব স্কুলে ২৩ থেকে ৩০ এপ্রিলের মধ্যে প্রথম সাময়িক, ৬ থেকে ১৩ আগস্টের মধ্যে দ্বিতীয় সাময়িক এবং ১১ থেকে ১৮ ডিসেম্বরের মধ্যে প্রথম থেকে চতুর্থ শ্রেণির বার্ষিক পরীক্ষা নিতে হবে। এ ছাড়া পঞ্চম শ্রেণির শিক্ষার্থীদের শিক্ষা সমাপনী পরীক্ষার জন্য ২০ থেকে ৩০ নভেম্বর সম্ভাব্য তারিখ রাখা হয়েছে আদেশে। এর আগে শিক্ষা মন্ত্রণালয় সরকারি-বেসরকারি মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের জন্য ২০১৭ সালে ৮৫ দিন ছুটি অনুমোদন করে।